

মুগান্ধি

প্রিন্ট: ১১ সেপ্টেম্বর ২০২৫, ০২:৩৭ পিএম

শিক্ষাঙ্গন

শপথ নিলেন জাকসু ও হল সংসদে নির্বাচিতরা



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ সেপ্টেম্বর ২০২৫, ০৮:০৮ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদে নির্বাচিতরা শপথ নিয়েছেন।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের হল কক্ষে জাকসু
নেতাদের শপথ বাক্য পাঠ করান উপাচার্য ও জাকসুর সভাপতি অধ্যাপক মোহাম্মদ কামরুল
আহসান।

হল সংসদে নির্বাচিতদের স্ব স্ব হলে প্রাধ্যক্ষ ও হল সংসদের সভাপতিরা শপথ বাক্য পাঠ করান।

জাকসুর নবনির্বাচিত সাধারণ সম্পাদক (জিএস) মাজহারুল ইসলাম বলেন, জুলাইয়ের ২
হাজার শহিদ ও ত্রিশ হাজার আহতদের আকাংখার প্রতিফলন ক্যাম্পাসে যেন আসে সেজন্য
কাজ করতে চাই।

জাকসুর নবনির্বাচিত সহসভাপতি (ভিপি) আব্দুর রশিদ জিতু বলেন, আমরা শিক্ষার্থীদের আস্থা
ও সমর্থনের মান রক্ষায় কাজ করে যেতে চাই। দলীয় লেজুড়বৃত্তিক রাজনীতি ক্যাম্পাস থেকে
উচ্ছেদ করা হবে।